

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জানুয়ারি ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।

তারিখ ও সময় : ৩১.০১.২০১৯ খ্রিঃ, বেলা: ১১:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সরকারি প্রশাসনে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, প্রশাসনে বিভিন্ন উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন সুসংহতকরণের কাজ সহজ হয়। তিনি আরো বলেন, মাঠ পর্যায়ে উদ্ভাবন চর্চার সফল প্রয়োগই আগামী দিনের সোনার বাংলা গড়তে সহায়তা করবে। ইনোভেশন বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিটি কর্মকাল্ড সম্পাদনের সাথে নম্বর পাওয়ার সম্পর্ক রয়েছে। সেজন্য ইনোভেশনের সভা, প্রশিক্ষণ, নিয়মিত মাঠ পরিদর্শন ইত্যাদি ও নির্ধারিত সময়ে সম্পন্ন করার আহবান জানান। সংস্থাসমূহকে সভার কার্যবিবরণী নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। তিনি অধিদপ্তরসমূহ কর্তৃক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়নকৃত প্রতিবেদন নির্ধারিত সময়ে ৩১.০১.২০১৯ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে বলেন। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্পগুলো বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. মাসিক সভা: উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিদপ্তর/দপ্তরসমূহে মাসিক ইনোভেশন টিমের সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধি নিয়মিত মাসিক ইনোভেশন সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানায়। সভাপতি মহোদয় অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন টিমের সভার তারিখ মন্ত্রণালয়কে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন যাতে মন্ত্রণালয়ের প্রতিনিধি উক্ত সভায় পর্যবেক্ষক হিসাবে অংশ গ্রহণ করতে পারে।

০৪. ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ: উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে টেমো, স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের প্রতিনিধিগণ ইনোভেশন সংক্রান্ত শুধুমাত্র ২ (দুই) দিনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে জানায়। জনাব মো: খলিলুর রহমান, যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য অধিশাখা) কার্য সম্পাদন চুক্তি অনুযায়ী আগামী ১১ মার্চের মধ্যে ২ দিনের প্রশিক্ষণ সমাপ্ত করতে সকল অধিদপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ জানান। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগসহ বাকি অধিদপ্তর/দপ্তরসমূহকে চলতি অর্থবছরের মধ্যে ২ দিনের ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ মার্চ ২০১৯ মাসের মধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণের আহবান জানান। তিনি প্রশাসন-৪ কে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের বাজেট, প্রশিক্ষণ মডিউল তৈরি, প্রশিক্ষণার্থী, রিসোর্স পার্সনের তালিকা ও ভেন্যু নির্ধারণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তর/সংস্থাসমূহের প্রশিক্ষণে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন সংক্রান্ত কাজে নিয়োজিত প্রতিনিধি পর্যবেক্ষক হিসাবে রাখার নির্দেশনা প্রদান করেন।

০৫. শোকেসিং ওয়ার্কশপ: সভাপতি শোকেসিং'র জন্য প্রকল্প বাছাই করতে এবং শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে ফেব্রুয়ারি, ২০১৯ মাসের মধ্যে প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা প্রদান করেন। তিনি এসডিজির মুখ্য সমন্বয়ক জনাব আবুল কালাম আজাদ মহোদয়ের সাথে যোগাযোগ করে শোকেসিং ওয়ার্কশপের সময় নির্ধারণের নির্দেশনাও প্রদান করেন।

০৬. উদ্ভাবনী উদ্যোগ ২টির রেপ্লিকেশনের অগ্রগতি : সরকারি হাসপাতালে বহিঃবিভাগে সেবা সহজীকরণ প্রকল্পটির ইউজার ফি মওকুফের জন্য অর্থমন্ত্রণালয়ে সচিব মহোদয় স্বাক্ষরিত ডিও প্রেরণ করা হয়েছিল। কিন্তু এ বিষয়ে অর্থমন্ত্রণালয় কোন অগ্রগতির তথ্য প্রেরণ না করার দরুন পুনরায় সচিব স্বাক্ষরিত ডিও লেটার প্রেরণের নির্দেশনা প্রদান করেন।



০৭. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহের অগ্রগতি: স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান ফেনী (প্রবীনদের অগ্রাধিকার স্বাস্থ্য সেবা হেলথ কার্ড) ও কক্সবাজারে (হাসপাতাল কেন্দ্রিক লিলেন ওয়াশিং প্লান্ট স্থাপন) পাইলটিং শেষ হয়েছে। অন্যান্য প্রকল্পের পাইলটিংয়ের তথ্য শীঘ্রই জানান যাবে মর্মে তিনি সভাকে জানান। সভাপতি ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের তত্ত্বাবধান করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে একই সাথে ইনোভেশন প্রকল্প পরিদর্শন করার জন্য আদেশ জারী করতে প্রশাসন-১ কে নির্দেশনা প্রদান করেন।

০৮. মন্ত্রণালয়ের ই-সেবা তৈরি: স্বাস্থ্য সেবা বিভাগের সিস্টেম এনালিস্ট কর্মকর্তা/কর্মচারীদের মানব সম্পদ ডাটাবেজ তৈরি সম্পন্ন এবং ইলেকট্রনিক হাজিরার জন্য প্রস্তাব প্রশাসন-২ শাখাতে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। নিমিউ এন্ড টিসির বায়োমেট্রিক হাজিরা উদ্বোধনের অপেক্ষায় রয়েছে মর্মে চিফ টেকনিক্যাল ম্যানেজার জানান।

০৯. হেল্প ডেস্ক ও নির্দেশনা বোর্ড চালু: সভাপতি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালু ও নির্দেশনা বোর্ড স্থাপনের জন্য পুনরায় প্রশাসন-২ শাখাকে নির্দেশ প্রদান করেন। তিনি নির্দেশনা বোর্ড ৩ (তিন) নম্বর বিল্ডিং এর ৪র্থ ও ৩য় তলায় এবং ক্লিনিক ভবনে স্থাপন করতে নির্দেশনা দেন।

১০. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।	অধিদপ্তর/দপ্তরসমূহ
১০.২	মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ
১০.৩	অধিদপ্তরসমূহের ইনোভেশন সভা পর্যবেক্ষণ করতে হবে;	অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)/ প্রশাসন-৪
১০.৪	মন্ত্রণালয় ও অধিদপ্তরকে চলতি অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ ১১ মার্চ ২০১৯ মাসের মধ্যেই সমাপ্ত করতে হবে;	প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তরসমূহ
১০.৫	ফেব্রুয়ারী, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজন ও প্রকল্প বাছাইয়ের জন্য সচিব মহোদয়, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে;	উপসচিব (প্রশাসন-৪)/ অধিদপ্তর/দপ্তরসমূহ
১০.৬	দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে;	প্রশাসন-১ ও প্রশাসন-২
১০.৭	কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও রুম নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরী করে ৩নং ভবন এর ৩য় ও ৪র্থ তলা এবং ক্লিনিক ভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;	প্রশাসন-১ ও প্রশাসন-২
১০.৮	মাঠ পর্যায়ে ইনোভেশন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শনের জন্য প্রতিমাসে যে কোন ১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করতে হবে;	ইনোভেশন টিম, মন্ত্রণালয়/ সকল অধিদপ্তর/দপ্তরসমূহ

১১. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Be ego

স্বাক্ষরিত: ০৬.০২.২০১৯

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. উপসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব, (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টমো), ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।



(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

ই-মেইল: monitor@hds.gov.bd